

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২২৯.০৮.০৪৩৮.১৮ নথির বিষয়: “Public Procurement Management (Goods, Works and Services)”- শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন সংক্রান্ত নথি।

নোট: ১ নোটের বিষয়: “Public Procurement Management (Goods, Works and Services)”- শীর্ষক ০৩ টি প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/৯/২৬ ৩:৩৯ অপরাহ্ন

বিবেচ্য বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২৭ অর্থ বছরের জন্য প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “Public Procurement Management (Goods, Works and Services)”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স অন্তর্ভুক্ত রয়েছে। ০৫ (পাঁচ) দিন মেয়াদী ০৩ ব্যাচের উক্ত প্রশিক্ষণ কোর্স আয়োজনের জন্য ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তরে ক্রয় কাজের সাথে সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী, হিসাব রক্ষণ কর্মকর্তা, উপ সহকারী প্রকৌশলী/সমপর্যায়ের কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২৫ জন হিসেবে মোট ৭৫ (পঁচাত্তর) জন প্রশিক্ষণার্থীর খসড়া তালিকা (সংযুক্তি-১) প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণার্থীগণ যাতে পিপিআর-২০২৫ সম্পর্কে সম্যক ধারণা লাভ এবং ক্রয় আইন ২০০৬ অনুযায়ী ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) এর মাধ্যমে সকল দাপ্তরিক ক্রয় কাজ আইন ও বিধিমালা মেনে দক্ষতার সাথে এবং নির্ভুলভাবে সম্পন্ন করতে পারেন সে নিরীখে উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়ের সাথে আলোচনাপূর্বক খসড়া প্রশিক্ষণ প্রোগ্রাম (সংযুক্তি-২) প্রণয়ন করা হয়েছে। ০৫ (পাঁচ) দিন মেয়াদী উক্ত ০৩ টি প্রশিক্ষণ কোর্স যথাক্রমে আগামী ০৪-০৮ অক্টোবর, ২০২৬ (১ম ব্যাচ), ১১-১৫ অক্টোবর, ২০২৬ (২য় ব্যাচ) এবং ১৮-২৬ অক্টোবর, ২০২৬ (৩য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ০৩ টি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তার মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন কর্মকর্তাকে যৌক্তিক কোন কারণে পরিবর্তনের প্রয়োজন হলে অথবা কোন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। PPS List.pdf

২। 5 day PPM UPDATED_Dnothi.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/৯/২৬ ৩:৩৯ অপরাহ্ন



৭৫ জনের জন্য ০৫ দিন মেয়াদী উক্ত ০৩টি প্রশিক্ষণ কোর্স সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৩,২৪,০০০/-	(৬ সেশন ৩,৬০০/- টাকা হারে ৫ দিন)×৩ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	২,৭৫,০০০/-	(১ম ও ২য় ব্যাচের ৫০ জন ৮০০/- হারে ৫ দিন+ ৩য় ব্যাচের ২৫ জন ৬০০/- হারে ৫ দিন)
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৩০,০০০/-	(প্রতিদিন ২,০০০/- টাকা হারে ৫ দিন)×৩ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	২২,৫০০/-	(প্রতিদিন ১,৫০০/- টাকা হারে ৫ দিন)×৩ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৩০,০০০/-	(২ জন প্রতিদিন ১,০০০/- টাকা হারে ৫ দিন)×৩ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	২,৭৮,৪০০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ৫৮০/- টাকা হারে ৫ দিন)×৩ ব্যাচ
(ছ) পানি	১২,৬০০/-	(আধা লিটার ৭ কেস ১২০/- টাকা হারে ৫ দিন)×৩ ব্যাচ
(জ) পাটের অফিস ব্যাগ, নোটবুক, পেন্সিল, ইরেজার ও কলম	৬৩,৭৫০/-	(২৫ সেট ৮৫০/- টাকা হারে)×৩ ব্যাচ
(ঝ) পিপিআর-২০২৫ (বই)	১৬,৫০০/-	(২৫ সেট ২২০/- টাকা হারে)×৩ ব্যাচ
(ঞ) ফটোকপি ও বিবিধ	২০,০০০/-	০৩ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=১০,৭২,৭৫০/-	(কথায়ঃ টাকা দশ লক্ষ বাহাত্তর হাজার সাতশত পঞ্চাশ মাত্র)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/৯/২৬ ৩:৪০ অপরাহ্ন

এমতাবস্থায়, “Public Procurement Management (Goods, Works and Services)”-শীর্ষক ০৩টি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন হিসেবে মোট ৭৫ (পঁচাত্তর) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মসূচি এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১০,৭২,৭৫০/- (টাকা দশ লক্ষ বাহাত্তর হাজার সাতশত পঞ্চাশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট টাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

			
৯/৯/২৬ ৩:৪০ অপরাহ্ন মোঃ খায়রুল বাশার উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র	৯/৯/২৬ ৩:৪৪ অপরাহ্ন মোঃ ওয়াজ উদ্দীন প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র	১০/৯/২৬ ১০:৩৪ পূর্বাহ্ন এ.কে.এ.এম. ফজলুল হক উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	১০/৯/২৬ ৩:৪২ অপরাহ্ন ড. মুহা. মনিরুজ্জামান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
			
		১০/৯/২৬ ৬:০২ অপরাহ্ন এ.কে.এ.এম. ফজলুল হক উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	১৩/৯/২৬ ১১:১৮ পূর্বাহ্ন মোঃ ওয়াজ উদ্দীন প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র
			
			১৩/৯/২৬ ১১:৪৩ পূর্বাহ্ন মোঃ খায়রুল বাশার উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র